



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ৪ এপ্রিল ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় ইউপিডিএফ সদস্য ত্রিদিব চাকমা হত্যার নিন্দা ও প্রতিবাদ:

ঠ্যাঙারে বাহিনী ভেঙে দেয়ার দাবি

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা জেলার দীঘিনালায় ইউপিডিএফ সদস্য ত্রিদিব চাকমাকে (শিমূল) হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং এ ঘটনার জন্য সেনা মদদপুষ্ট সশস্ত্র সন্ত্রাসী ঠ্যাঙারে বাহিনীকে দায়ি করেছেন।

উক্ত খুনের ঘটনাকে অত্যন্ত ন্যাকারজনক ও জঘন্য বলে উল্লেখ করে আজ মঙ্গলবার, ৪ এপ্রিল ২০২৩ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তিনি অবিলম্বে খুনীদের হেফতার করে আইনের আওতায় নিয়ে আসার এবং সেনা মদদপুষ্ট ঠ্যাঙারে বাহিনীগুলোকে ভেঙে দেয়ার দাবি জানান।

ইউপিডিএফ নেতা ঘটনার বর্ণনা দিয়ে বলেন, ‘আজ বিকেল আড়াইটার দিকে সেনা মদদপুষ্ট ঠ্যাঙারে বাহিনীর ৭ জনের একটি দল দীঘিনালা সদর থেকে মোটর সাইকেল ও সিএনজি যোগে কার্বারী টিলায় এসে ত্রিদিব চাকমাকে (৪২) গুলি করে হত্যা করে পালিয়ে যায়। যেখানে হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে তা রাঙাপানি সেনা ক্যাম্প থেকে দক্ষিণে মাত্র ৫০ গজ দূরে।’

খুনীদের মধ্যে রাজীব চাকমা, রঞ্জন চাকমা ও রিপন চাকমাকে চেনা গেছে বলে তিনি জানান এবং বলেন সেনাবাহিনীর সহযোগিতা ছাড়া এ হত্যাকাণ্ড সংঘটিত করা কখনই সম্ভব নয়।

নিহত ইউপিডিএফ সদস্য ত্রিদিব চাকমার বাড়ি দীঘিনালার কবাখালি ইউনিয়নের কৃপাপুর গ্রামে এবং তার পিতার নাম দেবেন্দ্র চাকমা বলে অংগ্য মারমা জানিয়েছেন।

পার্বত্য চট্টগ্রামে অশান্তির জন্য সেনাদের পালিত ঠ্যাঙারে বাহিনীর নিয়ন্ত্রণহীন সন্ত্রাসকে দায়ি করে ইউপিডিএফ নেতা বলেন, গত দুই যুগেরও বেশি সময় ধরে খুন, গুম, হেফতার, হামলা-মামলা তথা রাজনৈতিক দমনপীড়ন চালিয়ে ইউপিডিএফকে দমন করা যায়নি, ভবিষ্যতেও যাবে না।

শাসকগোষ্ঠী রাজনৈতিকভাবে ইউপিডিএফকে মোকাবিলা করতে ব্যর্থ হয়ে ঠ্যাঙারে বাহিনী দিয়ে খুন ও সন্ত্রাস চালাচ্ছে বলে তিনি অভিযোগ করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।